

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org,

E-mail : wbcuta@yahoo.in

সার্কুলার- ০৭/২০১৮

তারিখ : ১৬ - ৫ - ২০১৮

কনভেনর প্রাইমারী ইউনিট, ওয়েবকুটা/ জেলা সম্পাদক

-----কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সাথী,

রাজ্যজুড়ে পঞ্চায়েত নির্বাচনের প্রহসন পর্ব শেষ হল। সর্বস্তরে গণতন্ত্র বিপন্ন, শিক্ষাজন সহ সর্বত্র গণতান্ত্রিক অধিকার রক্ষার আন্দোলন চরম আক্রমণের মুখে।

আমরা কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক শিক্ষাকর্মীগণ রাজ্য সরকারের উদ্যোগে তৈরী আদর্শ আচরণ বিধির হাড়িকাঠে বলি হওয়ার অপেক্ষায়। যদিও এখন অন্ধি এই আচরণ বিধি চূড়ান্ত রূপ পায়নি, তবে এর যে খসড়া কপি আমাদের হাতে এসেছে তা এককথায় ভয়ঙ্কর। আমরা ইতিমধ্যে এই আচরণ বিধি নিয়ে অধ্যাপক সমিতির সার্বিক পর্যবেক্ষন ফোন্ডার আকারে আপনাদের হাতে পৌঁছে দেওয়ার চেষ্টা করেছি। সমিতি মনে করে, এই খসড়া চূড়ান্ত রূপ পাওয়ার আগেই এহেন শিক্ষা ও শিক্ষক স্বার্থ বিরোধী সরকারি উদ্যোগের বিরুদ্ধে আমাদের উদ্বেগ সর্বস্তরে প্রকাশ করা জরুরী। তাই আসুন, আমরা সংগঠিত আকারে আমাদের প্রতিক্রিয়া জানিয়ে রাজ্য বিশ্ববিদ্যালয়গুলির আচার্য তথা রাজ্যপালের কাছে গণস্বাক্ষর সম্বলিত স্মারকলিপি পেশ করি। স্মারকলিপির বয়ান সংক্রান্ত স্বাক্ষর সংগ্রহের কাগজটি আমরা এই সার্কুলারের সাথে পাঠাচ্ছি। আপনাদের কাছে আবেদন, প্রতিটি প্রাইমারী ইউনিট থেকে গণস্বাক্ষর সম্বলিত এই স্মারকলিপি রাজ্যপালকে Speed Post মারফৎ দ্রুত পাঠানোর উদ্যোগ গ্রহণ করুন। রাজ্যপালের ঠিকানা স্মারকলিপির উপর দেওয়া আছে। এর প্রতিলিপি সমিতির রাজ্য দপ্তরে অবশ্যই পাঠাবেন।

এ বছরের সভ্যপদ সংগ্রহের কাজ এখনো কিছুটা বাকি থেকে গেছে। দ্রুত এই সভ্যপদের চাঁদা নামের তালিকা সহ সমিতির রাজ্য দপ্তরে জমা দিন।

প্রাইমারী ইউনিটগুলির Convener দের নাম ও ফোন নম্বর এখনো বহু জেলা জমা দেননি। এখন General Committee-র সদস্য নির্বাচনের নোটিশ ও দেওয়া শুরু হয়েছে। এই কাজ আগামী ১৬ জুলাই, ২০১৮ -র মধ্যে আমাদের সম্পন্ন করে উভয় নামের তালিকা সমিতির রাজ্য দপ্তরে পাঠিয়ে দিতে হবে। মনে রাখবেন, General Committee-র সদস্য নির্বাচনের পর্ব শেষ হলেই অধ্যাপক সমিতির কর্মসমিতি নির্বাচনের প্রক্রিয়া শুরু হবে।

ধন্যবাদ সহ

শ্রুতিনাথ প্রহরাজ

(শ্রুতিনাথ প্রহরাজ)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৪৩৩৮২০৬১০